

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়  
পরিবহন পুলভবন  
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।  
[www.molwa.gov.bd](http://www.molwa.gov.bd)

নম্বর: ৮৮.০০.০০০০.০০২(বা)। ০৮৬.০৭.১৬। ৭৮

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৫  
২৫ জুলাই ২০১৮

বিষয়: বীর মুক্তিযোদ্ধার মৃত্যুতে সম্মানী ভাতা প্রাপ্য উত্তরাধিকারীগণ সম্পর্কে নীতিমালা সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে, “বীর মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতা বিতরণ নীতিমালা, ২০১৩” এর অনুচ্ছেদ ০৫ এ মুক্তিযোদ্ধার মৃত্যুর পর সম্মানী ভাতা পাবার যোগ্য অগ্রাধিকারপ্রাপ্ত উত্তরাধিকারীগণ সম্পর্কে বিদ্যমান নীতিমালা সংশোধন করা হয়েছে। উক্ত সংশোধিত নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধার মৃত্যুতে নিম্নরূপ উত্তরাধিকারীগণ সম্মানী ভাতা প্রাপ্য হবেন:


১। ভাতাভোগী মুক্তিযোদ্ধা মৃত্যুবরণ করলে তাঁর স্ত্রী বা স্বামী সম্মানী ভাতা পাবেন। মুক্তিযোদ্ধা একাধিকবার বিবাহ বন্ধনে আবদ্ধ হলে নিম্নরূপভাবে সম্মানী ভাতা বটিত হবে:

- (ক) মুক্তিযোদ্ধার একাধিক স্ত্রীর ক্ষেত্রে প্রত্যেক স্ত্রী মৃত মুক্তিযোদ্ধার প্রাপ্য নির্ধারিত ভাতা সমহারে পাবেন;
- (খ) একাধিক স্ত্রীর মধ্যে কোন স্ত্রী মৃত্যুবরণ করলে মৃত স্ত্রীর গর্ভে মুক্তিযোদ্ধার ওরসজাত সন্তান বা সন্তানগণ তাঁর মাতার প্রাপ্য অংশ সমহারে পাবেন;
- (গ) একাধিক স্ত্রীর মধ্যে কোন স্ত্রী তালাকপ্রাপ্ত হলে তালাকপ্রাপ্ত স্ত্রী জীবিত থাকলেও এ সম্মানী ভাতা পাবেন না। তালাকপ্রাপ্ত স্ত্রীর গর্ভে মুক্তিযোদ্ধার ওরসজাত সন্তান বা সন্তানগণ তাঁর মাতার প্রাপ্য অংশ সমহারে পাবেন;
- (ঘ) মৃত স্ত্রী বা তালাকপ্রাপ্ত স্ত্রীর গর্ভে মুক্তিযোদ্ধার ওরসজাত কোন সন্তান না থাকলে একজন জীবিত স্ত্রী সম্পূর্ণ অংশ বা একাধিক জীবিত স্ত্রী সমহারে সম্মানী ভাতা পাবেন;
- (ঙ) মুক্তিযোদ্ধার পিতা বা মাতার যে কেউ জীবিত থাকলে মৃত স্ত্রী বা তালাকপ্রাপ্ত স্ত্রীর গর্ভে মুক্তিযোদ্ধার ওরসজাত সন্তানগণ এ সম্মানী ভাতা পাবেন না;
- (চ) মৃত নারী মুক্তিযোদ্ধা জীবিত অবস্থায় একাধিকবার বিবাহ বন্ধনে আবদ্ধ হলে এবং উভয় স্বামীর সংসারে তাঁর গর্ভজাত সন্তান থাকলে উক্ত নারী মুক্তিযোদ্ধার পূর্বের সংসারে মুক্তিযোদ্ধার গর্ভজাত সন্তানগণ একটি পক্ষ হিসেবে বিবেচিত হবে এবং তাদের পক্ষের সম্মানী ভাতা সমহারে পাবেন;
- (ছ) যে স্বামীর সংসারে মৃত নারী মুক্তিযোদ্ধার সন্তান রয়েছে উক্ত সন্তানের পিতা একটি পক্ষ এবং সর্বশেষ জীবিত স্বামী পৃথক পক্ষ হিসেবে বিবেচিত হবে এবং উভয় পক্ষ মৃত নারী মুক্তিযোদ্ধার প্রাপ্য সম্মানী সমহারে পাবেন। তবে, পূর্বের স্বামী জীবিত থাকলেও এ সম্মানী ভাতা পাবেন না এবং উক্ত সম্মানী ভাতা পূর্বের সংসারে নারী মুক্তিযোদ্ধার সন্তানগণ পাবেন; এবং
- (জ) কোন মুক্তিযোদ্ধার স্ত্রী জীবিত না থাকলে এক বা একাধিক স্ত্রীর (যদি থাকে) গর্ভে মুক্তিযোদ্ধার ওরসজাত সন্তানগণ সম্মানী ভাতা সমহারে পাবেন। একইভাবে, মৃত নারী মুক্তিযোদ্ধার স্বামী জীবিত না থাকলে মুক্তিযোদ্ধার গর্ভজাত সকল সন্তানগণ এ সম্মানী ভাতা সমহারে পাবেন;

২। মুক্তিযোদ্ধার স্ত্রী/স্বামীর অবর্তমানে পিতা/মাতা সম্মানী ভাতা পাবেন; এবং

৩। মুক্তিযোদ্ধার স্ত্রী/স্বামী ও পিতা মাতার অবর্তমানে পুত্র কণ্যাগণ সম্মানী ভাতা পাবেন।

৪। এপ্রেক্ষিতে, উক্ত সংশোধিত নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধার মৃত্যুতে উপরোক্ত উত্তরাধিকারীগণের মধ্যে সম্মানী ভাতা বিতরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


  
(মো: মতিয়ার রহমান) ২৭৭/৮  
উপসচিব  
ই-মেইল: [dsbudget@molwa.gov.bd](mailto:dsbudget@molwa.gov.bd)

১। জেলা প্রশাসক (সকল)

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

**অনুলিপি:**

- ১। বিভাগীয় কমিশনার (সকল)
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা- মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা- সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। যুগ্ম সচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব(আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা-মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৬। উপসচিব (সকল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। সংরক্ষণ কপি।

  
(মো: মতিয়ার রহমান) ০৯/০৯  
উপসচিব

ই-মেইল: [dsbudget@molwa.gov.bd](mailto:dsbudget@molwa.gov.bd)